



প্রতিমন্ত্রী

অর্থ মন্ত্রণালয় ও পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণী

স্বল্পোন্নত ও উন্নয়নশীল দেশের অর্থনৈতিক চাকা গতিশীল রাখার ক্ষেত্রে পরিবর্তিত বিশ্বের বর্তমান প্রেক্ষিতে বৈদেশিক অর্থনৈতিক কূটনীতি দেশের আর্থ-সামাজিক উন্নয়নের অন্যতম কার্যক্রম হিসেবে বিবেচিত।

বর্ষপরিক্রমায় স্বাভাবিক নিয়মে ৬ষ্ঠ বারের মত অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক বার্ষিক প্রতিবেদন প্রকাশ হতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে মধ্যম আয়ের দেশে রূপান্তরিত করার উদ্দেশ্যে যারা অবিরাম কাজ করে দেশকে কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনের সঠিক পথে এগিয়ে নিয়ে যাচ্ছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ তাদের মধ্যে অন্যতম। ইতোমধ্যে বাংলাদেশ নিম্ন মধ্যম আয়ের দেশ হিসেবে বিশ্বে পরিচিতি লাভ করেছে। বঙ্গবন্ধুর সোনার বাংলাকে আমরা ক্ষুধা, দারিদ্রমুক্ত উন্নত দেশ হিসাবে দেখতে চাই। এ চাওয়াকে সফল করতে আমাদের এগিয়ে যেতে হবে দ্রুত থেকে দ্রুততার সাথে, অর্থনীতিকে করতে হবে গতিশীল, অর্থনৈতিক কূটনীতির ক্ষেত্রে আমাদের হতে হবে আরোও চৌকস। অর্থনৈতিক কূটনীতির বহুমাত্রিকতার যুগে আমাদের মেধা ও মননকে নিয়ে যেতে হবে সর্বোৎকৃষ্ট পর্যায়ে।

বার্ষিক প্রতিবেদন নিঃসন্দেহে একটি বিভাগের কার্যক্রমের সাধারণ ধারণা দেয়। আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি প্রকাশনাটির মাধ্যমে দেশের উন্নয়ন গতিধারায় বৈদেশিক সহায়তার ব্যবহার তথা অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ভূমিকা সম্পর্কে জনমনে একটি স্বচ্ছ ধারণা সৃষ্টি হবে।

এ বিভাগে ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক প্রতিবেদনটি প্রণয়নে যারা অক্লান্ত পরিশ্রম করেছেন তাদের সকলকে জানাই আন্তরিক ও অকৃত্রিম শুভেচ্ছা। দেশের সার্বিক অগ্রগতিতে আমাদের সকলের একক এবং যৌথ প্রচেষ্টা অব্যাহত থাকবে। এ আশাবাদ ব্যক্ত করছি, ধন্যবাদ।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

এম. এ. মান্নান, এমপি